

শিক্ষার্থীদের তথ্যপ্রযুক্তিতে দক্ষ হতে হবে

স্পিকার

যুগান্তর রিপোর্ট

প্রতিযোগিতামূলক বিধে শিক্ষার্থীদের তথ্যপ্রযুক্তি বিষয়ে দক্ষ হওয়ার আহ্বান জানিয়েছেন জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী। শনিবার দুপুরে রাজধানীর বকশীবাজারে নবকুমার ইন্সটিটিউশনের শতবর্ষপূর্তি উদযাপন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ আহ্বান জানান।

স্পিকার বলেন, ছাত্ররাই দেশের ভবিষ্যৎ এবং একটি সুষ্ঠু সমাজ বিনির্মাণে তাঁদের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

তাই শিক্ষার্থীদের সমাজ বিনির্মাণের কারিগর হিসেবে নিজেকে গড়ে তুলতে হবে। শুধু ডিপ্লোমা ছাত্র হিসেবে নয় বরং যথাযথ আদর্শ ও মূল্যবোধে নিজেকে গড়ে তুলতে হবে। তিনি বলেন, নবকুমার ইন্সটিটিউশনের ছাত্রছাত্রীরা গণঅভ্যুত্থান ও মহান স্বাধীনতা আন্দোলনে গৌরবজনক ভূমিকা রেখেছে।

নবকুমার ইন্সটিটিউশন ঐতিহ্য ও সুনাম ধারণ করে যে দৃষ্টান্ত স্থাপন করেছে তা ধরে রাখতে ছাত্র-শিক্ষকসহ সবাইকে সমন্বিতভাবে কাজ করার আহ্বান জানান স্পিকার।

খাদ্যমন্ত্রী অ্যাডভোকেট কামরুজ্জামান ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন ইমেরিটাস অধ্যাপক ড. আনিসুজ্জামান, সংসদ সদস্য হাজী মো. সেলিম, বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ডিসি অধ্যাপক খালেদা একরাম, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ফাহিয়া খাতুন।